দৈনিক ইনকিলাব

তারিখ ... DEC...1 2 1999 ..
পৃষ্ঠা ৭৪ কলাম ৭

### শ্রেষ্ঠ মাদ্রাসা প্রিন্সিপাল

# রায়পুরায় শিক্ষা সপ্তাহের পুরস্কার বিতরণ



রায়পুরা (নরসিংদী) সংবাদদাতা ঃ জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে রায়পুরা থানার মাদ্রাসা পর্যায়ে শ্রেষ্ঠ প্রিন্সিপাল হিসেবে হাফেজ মোঃ সুলাইমান মৃধা নির্বাচিত হয়ে পুরস্কার ও সনদপ্রাপ্ত হয়েছেন। তিনি করিমগঞ্জ দারুল উলুম সিনিয়র আলিম মাদ্রাসার প্রতিষ্ঠাতা প্রিন্সিপাল। উল্লেখ্য যে, '৯৮ ইং সালেও জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে নরসিংদী জেলার শ্রেষ্ঠ মাদ্রাসা হিসেবে উক্ত করিমগঞ্জ দারুল উলুম সিনিয়র আলিম মাদ্রাসাকে জেলা প্রশাসক রফিকুল ইসলাম পুরস্কার ও সনদপত্র প্রদান করেন। গত ৮ নভেম্বর রায়পুরা থানা পরিষদ মিলনায়তনে থানা নির্বাহী কর্মকর্তা রবিন্দ্রনাথ শর্মার সভাপতিত্বে শিক্ষা সপ্তাহ সমাপ্তি দিবসে পুরস্কার ও সনদপত্র বিতরণী সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন থানা অফিস প্রজেক্ট ম্যানেজার একেএম রফিকুল হক, থানা কৃষি কর্মকর্তা এম এ খালেক, সহকারী কমিশনার (ভূমি) আবু মমতাজ মোঃ সালাহউদ্দিন, করিমগঞ্জ মাদ্রাসার প্রিন্সিপাল হাফেজ মাওঃ সুলাইমান মৃধা, রায়পুরা কলেজের প্রিন্সিপাল আবদুল হালিম ও বিশিষ্ট রাজনীতিবিদ আফজাল হোসাইন। উক্ত সভায় আরও যারা পুরস্কারপ্রাপ্ত হন তারা হলেন, আবদুল হালিম, মোঃ মজিবুর রহমান, রোহেনা আফরোজ ও মাওলানা রফিকুল হক। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন সহকারী প্রকল্প কর্মকর্তা একেএম মীর হোসেন।